

২০২৫

বাংলা — সাম্মানিক

চতুর্থ সেমিস্টার

পত্র : DSCC-5

(প্রাগাধুনিক বাংলা সাহিত্য-১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। 'অভিসার'-এর সংজ্ঞার্থ দিয়ে এই পর্যায়ের পদ রচনায় গোবিন্দদাসের শ্রেষ্ঠত্ব বিষয়ে আলোচনা করো। ১৫
- অথবা
- 'কি মোহিনী জান বধুঁ কি মেহিনী জান'—পদটির ভাবসৌন্দর্য ও কাব্যসৌন্দর্য বর্ণনা করো। ১৫
- ২। 'গ্রন্থ উপভোগ্যতার কারণ' অংশটি অবলম্বনে মুকুন্দ চক্রবর্তীর সমাজভাবনার পরিচয় দাও। ১৫
- অথবা
- কালকেতু ও ফুল্লরা চরিত্র-চিত্রণে কবি মুকুন্দ চক্রবর্তীর প্রতিভার পরিচয় দাও। ১৫
- ৩। শাক্ত পদাবলীর আগমনী ও বিজয়া পর্যায়ের পদগুলি 'মাতৃহৃদয়ের গান'। — উদ্ধৃতি সহযোগে মন্তব্যটি বিচার করো। ১৫
- অথবা
- ভক্তের আকৃতি পর্যায়ের পদে তৎকালীন সমাজজীবনের যে চিত্র ফুটে উঠেছে উদ্ধৃতিসহ তা বিবৃত করো। ১৫
- ৪। গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গ বিষয়ক পদের পার্থক্য লেখো। ৫
- অথবা
- "বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি" — কার লেখা কোন পর্যায়ের পদ? কে, কার পিরীতি কেন বুঝতে পারেনি? ২+৩
- ৫। 'কালকেতুর ভোজন' অংশ অবলম্বনে কালকেতুর ভোজনের বিবরণ দাও। ৫
- অথবা
- লহনাকে লীলাবতী-প্রদত্ত কলহ নিবারণের ঔষধের পরিচয় দাও। ৫

Please Turn Over

(2861)

৬। “তুমি কি দোষে করিলে আমায়, ছ’টা কলুর অনুগত” — কার লেখা, কোন্ পর্যায়ের পদ? ছ’টা কলুর পরিচয় দিয়ে অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

অথবা

“শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান” — কার লেখা, কোন্ পর্যায়ের পদ? কে, কার প্রতি, কেন এই অনুযোগ করেছেন? ২+৩

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) ‘আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ’ — পদটির রচয়িতা কে?
- (খ) ‘ততেল সৈকত বারি-বিন্দুসম’ — কোন্ পর্যায়ের পদ?
- (গ) ‘চণ্ডীদাসের ভাবশিষ্য’ কাকে বলা হয়?
- (ঘ) ‘লাখ লাখ যুগ/হিয়ে হিয়ে রাখলুঁ/তবু হিয়া জুড়ন না গেল’ — পদটি কার রচনা?
- (ঙ) পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?
- (চ) কবি মুকুন্দ চক্রবর্তী কোন্ শতকের কবি?
- (ছ) ফুল্লরার মায়ের নাম কী?
- (জ) কত বছর বয়সে কালকেতুর কর্ণভেদ হয়?
- (ঝ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের প্রকৃত নাম কী?
- (ঞ) দেবী চণ্ডীর দেওয়া ‘অঙ্গুরী’-টির মূল্য কত ছিল?
- (ট) ‘ওহে প্রাণনাথ গিরিবর হে’ — কোন্ পর্যায়ের পদ?
- (ঠ) ‘সতিনী সরলা নহে’ — সতিনীর নাম কী?
- (ড) ‘খলের প্রধান যত, কে আছে তোমার মত’ — কার কথা বলা হয়েছে?
- (ঢ) ‘মা আমায় ঘুরাবে কত’ — পদটির রচয়িতা কে?
- (ণ) ‘আমি করি দুখের বড়াই’ — আমি কে?